

## অধ্যায় - ২

### সংস্কার : বৈশিষ্ট্য ও পর্যালোচনা

#### ২.১ : উনিশ শতকের বাংলা -- সাময়িক পত্র, সংবাদপত্র ও সাহিত্যে সমাজের প্রতিফলন।

1/2

1. বাংলাদেশে প্রথম সংবাদপত্র কী?

--- বেঙ্গল গেজেট, জেমস অগাস্টাস হিকির সম্পাদনায়,  
1780 খৃ:।

2. বাঙালীর সংবাদপত্রের চর্চা কবে, কার হাত ধরে শুরু হয়?  
--- 1818 খৃ:, গঙ্গাকিশোর ভট্টাচার্য্য (বেঙ্গল গেজেট)

3. শ্রীরামপুর ত্রয়ী কাদের বলা হতো?  
--- কেরি, মার্সম্যান, ওয়ার্ডকে

4. সমাচার দর্পণ (সাপ্তাহিক পত্রিকা) এবং দিগদর্শন (মাসিক পত্রিকা) কাদের সৌজন্যে প্রকাশিত হয়?  
--- শ্রীরামপুর ত্রয়ী

5. সংবাদ প্রভাকর কবে, কার উদ্যোগে প্রকাশিত হয়?  
--- 1839 খৃ:, ঈশ্বরচন্দ্র গুপ্ত।

6. বামাবধিনী সভা কবে, কার উদ্যোগে প্রতিষ্ঠিত হয়?  
--- 1863 খৃ:, উমেশচন্দ্র দত্ত।

7. হিন্দু পেট্রিয়ট পত্রিকা কবে প্রকাশিত হয়?  
--- 6<sup>th</sup> January, 1853 খৃ:। (১৮৫৬ খ্রি: থেকে এটি বাংলা ভাষায় প্রকাশিত হতে থাকে।)

8. হিন্দু পেট্রিয়ট পত্রিকা প্রথমে কতদিন অন্তর প্রকাশিত হতো?  
--- প্রথমে সাপ্তাহিক, 1892 খৃ: দৈনিক।

9. হিন্দু পেট্রিয়ট পত্রিকার প্রথম সম্পাদক কে?  
--- গিরীশচন্দ্র ঘোষ। (তিনিই এই পত্রিকার নামকরণ করেন।)

10. কার সম্পাদনায় হিন্দু পেট্রিয়ট পত্রিকা নিষিদ্ধিত সমাজে মুখপত্রে পরিণত হয়?  
--- হরিশচন্দ্র মুখোপাধ্যায়

11. সাঁওতাল বিদ্রোহকে সমর্থন করে কোন পত্রিকা?  
--- হিন্দু পেট্রিয়ট পত্রিকা।

12. নীল বিদ্রোহে জনমত গঠনে কোন পত্রিকার ভূমিকা ছিল সর্বাধিক?  
--- হিন্দু পেট্রিয়ট পত্রিকা।

13. গ্রামবার্তা প্রকাশিকা পত্রিকাটি কবে, কার উদ্যোগে প্রকাশিত হয়?  
--- 1863 খৃ:, হরিনাথ মজুমদার। (তিনি কাঙাল হরিনাথ নামে পেশী পরিচিত)

14. গ্রামবার্তা প্রকাশিকা ব্যতিক্রমী ছিল কেন?

--- উনিশ শতকের গ্রাম বাংলার সমাজজীবনের কথা জানানোর জন্য গ্রামবার্তা প্রকাশিকা ছিল উল্লেখযোগ্য। এতে গ্রাম জীবনের কথা তুলে ধরা হত, গ্রামের মানুষের দুঃখ কষ্ট, নীলকরদের অত্যাচার প্রভৃতি বিষয় এই পত্রিকায় প্রকাশিত হত। গ্রামের কাহিনী প্রকাশ করার জন্য এই পত্রিকা ব্যতিক্রমী ছিল।

15. হুতোম প্যাঁচা ছদ্মনাম কর?  
--- কালীপ্রসন্ন সিংহ।

16. হুতোম প্যাঁচার নকশা কবে প্রকাশিত হয়?  
--- 1861 খৃ:।

17. 'হুতোম প্যাঁচার নক্সা' - এমন নামকরণের কারণ কী?  
--- নক্সা শব্দের অর্থ হল ব্যঙ্গ বিদ্রূপ। হুতোম প্যাঁচার নক্সা হল ব্রিটিশ আমলে বিভিন্নভাবে অসৎ উপায়ে ধনী হয়ে ওঠা, সামাজিক অবক্ষয়ের মূর্তিমান প্রতিভূ প্রভৃতি শ্রেনির প্রতি বিদ্রূপাত্মক শ্লেষ। প্যাঁচা নিশাচর এবং তীক্ষ্ণ দৃষ্টির অধিকারী। কালীপ্রসন্ন সিংহ তীক্ষ্ণ ভাবে সামাজিক অসততা ও দুর্নীতি তাঁর লেখনীতে ব্যক্ত করেছেন।

18. বিদ্যোৎসাহিনী সভা কে, কবে প্রতিষ্ঠা করেন?  
--- কালীপ্রসন্ন সিংহ, 1855 খৃ:।

19. নীলদর্পণ কে, কবে রচনা করেন?  
--- দিনবন্ধু মিত্র, 1860 খৃ:।

20. 'নীলদর্পণ' ইংরাজী অনুবাদ কে করেন? কার নামে তা প্রকাশিত হয়?  
--- মধুসূদন দত্ত, জেমস লং।

21. সম্বাদ কৌমুদী, মিরাতুল আকবর কার উদ্যোগে প্রকাশিত হয়?  
--- রামমোহন রায় (1821, 1823 খৃ:)

22. সমাচার চন্দ্রিকা কার উদ্যোগে প্রকাশিত হয়?  
--- ভবানী চরণ বন্দ্যোপাধ্যায় (1822 খৃ:)

23. The Reformer পত্রিকাটি কবে, কার উদ্যোগে প্রকাশিত হয়?  
--- প্রসন্নকুমার ঠাকুর।

24. বটতলা সাহিত্য বলতে কী বোঝ?  
--- শোভাবাজার-চিৎপুর অঞ্চলে একটি বটগাছকে কেন্দ্র করে এই নামের উত্পত্তি। এখানে 19 শতকের দ্বিতীয় দশক থেকে কম দামে বাংলা বই ছাপানো শুরু হয়। বটতলা প্রকাশনার বৈশিষ্ট্য ছিল এই যে, এখানকার বই ছিল কমদামি এবং পাঠকের মনরঞ্জননের বিষয়টিই এখানে প্রধানী পেত। তবে রুচিশীল পাঠক বটতলা প্রকাশনার বইকে উপহাসের চোখেই দেখতেন।

#### ২.২ -- উনিশ শতকের বাংলায় শিক্ষা সংস্কার

25. কলকাতা মাদ্রাসা কবে, কার উদ্যোগে প্রতিষ্ঠা হয়?

--- 1781 খৃ., ওয়ারেন হেস্টিংস।

26. এশিয়াটিক সোসাইটি কবে, কার উদ্যোগে, কেন প্রতিষ্ঠিত হয়?

--- 1784 খৃ., স্যার উইলিয়াম জোন্স এর উদ্যোগে, প্রাচ্য বিদ্যার চর্চা ও গবেষণার জন্য।

27. বারাণসী সংস্কৃত কলেজ কবে, কার উদ্যোগে গড়ে ওঠে?

--- 1792 খৃ., স্যার জোনাথন ডানকান।

28. ফোর্ট উইলিয়াম কলেজ কবে, কার আমলে কেন প্রতিষ্ঠিত হয়?

--- 1800 খৃ., ওয়েলেসলি। ওয়েলেসলির উদ্দেশ্য ছিল ভারতে চাকরি করতে আসা ইউরোপীয়দের দেশীয় ভাষা ও সংস্কৃতির শিক্ষা প্রদান করা।

29. 1813 সালের সনদ আইনের দুটি গুরুত্বপূর্ণ ঘোষণা উল্লেখ কর।

--- বাণিজ্য বিষয়ক: ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর একচেটিয়া বাণিজ্যের অধিকার বিলোপ।

শিক্ষা বিষয়ক : ভারতে শিক্ষা বিস্তারে কোম্পানীর এক লক্ষ টাকা ব্যয় এর সিদ্ধান্ত।

30. জনশিক্ষা কমিটি বা GCPI কবে গড়ে ওঠে? সে সময় বড়লাট কে ছিলেন?

--- 17ই জুলাই, 1823 খৃ., লর্ড হেস্টিংস।

31. জনশিক্ষা কমিটি কেন গঠিত হয়?

--- (ক) কোম্পানি শাসিত ভারতে প্রচলিত শিক্ষা ব্যবস্থার জন্য তথ্য সংগ্রহ করা (খ) শিক্ষার প্রসার ও তার গুণগত মানোন্নয়নের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা।

32. বেণ্টীংকের আমলে জনশিক্ষা কমিটির সভাপতি কে ছিলেন?

--- বেণ্টীংকের আইন সচিব টমাস ব্যাবিংটন মেকলে।

33. প্রাচ্য পন্থী ও পাশ্চাত্য পন্থী নামে কারা পরিচিত ছিলেন?

--- প্রাচ্যপন্থী: এইচ টি প্রিন্সেপ, কোলব্রুক, উইলসন প্রমুখ।

পাশ্চাত্যপন্থী : মেকলে, আলেকজান্ডার ডাফ, সন্ডার্স, কলভিন প্রমুখ।

34. প্রাচ্য-পাশ্চাত্য দ্বন্দ্ব কী?

--- ভারতে প্রাচ্য অথবা পাশ্চাত্য কোন ধরনের শিক্ষার প্রসার ঘটবে, তা নিয়ে দ্বন্দ্ব প্রাচ্য-পাশ্চাত্য দ্বন্দ্ব নামে পরিচিত। বড়লাট বেণ্টীংকের সময় এই বিষয়ে তীব্র মতপার্থক্য শুরু হয়। 1839 খৃ: অকল্যাণ্ড মিনিটে এই দ্বন্দ্বের অবসান হয়।

35. মেকলে মিনিট কী?

--- বড়লাট বেণ্টীংকের আইন সচিব মেকলে 1835 খৃ: 2 র ফেব্রুয়ারি বেণ্টীংকের কাছে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তন ও বিস্তারের দাবি জানিয়ে একটি প্রস্তাব পেশ করেন। এটি মেকলে মিনিট নামে পরিচিত। এতে বলা হয় - ক) প্রাচ্য শিক্ষা বিজ্ঞানের চেতনামূলক ও পাশ্চাত্য বিদ্যা অপেক্ষা নিকৃষ্ট। খ) প্রাচ্য সভ্যতা দুর্নীতি গ্রস্ত ও অপবিত্র। তাই এদেশে পাশ্চাত্য শিক্ষার প্রয়োজন। গ) এদেশে উচ্চ অধ্যাপকদের মধ্যে ইংরাজী শিক্ষার প্রসার ঘটলে তা চুইয়ে পর নীতির অনুসারে বিস্তার ঘটবে। ঘ) পাশ্চাত্য শিক্ষার বিকাশ ঘটলে ভারতীয়দের রুচি, নৈতিকতা বৃদ্ধি পাবে।

36. চুইয়ে পড়া নীতি কী?

--- জনশিক্ষা কমিটির সভাপতি মেকলে পাশ্চাত্য শিক্ষা প্রবর্তন ও প্রসারের লক্ষে যে প্রস্তাব বড়লাট বেণ্টীংকের কাছে পেশ করেন তাতে শিক্ষার প্রসারের পদ্ধতি হিসাবে চুইয়ে পড়া নীতির কথা বলেন। জল যেভাবে উপর থেকে নিচের দিকে এলে

প্রসারিত হয়, সেভাবে মধ্যবিত্ত শ্রেণীকে শিক্ষিত করলে তা সারা দেশে ছড়িয়ে পরবে। মেকলের এই নীতি চুইয়ে পড়া নীতি নামে পরিচিত।

37. কবে, কার আমলে প্রাচ্য-পাশ্চাত্য দ্বন্দ্বের অবসান হয়?

--- 1839 খৃ., অকল্যাণ্ড এর আমলে। শুধু পাশ্চাত্য নয়, প্রাচ্য বিদ্যার জন্যও অর্থ বরাদ্দ হয়।

38. ব্যাপটিস্ট মিশন কবে, কোথায় গড়ে ওঠে?

--- 1800 খৃ., শ্রীরামপুর, মার্ম্যানের উদ্যোগে।

39. শ্রীরামপুর কলেজ কবে প্রতিষ্ঠিত হয়?

--- 1818 খৃ:

40. স্কটিশ চার্চ কলেজ কবে, কার উদ্যোগে প্রতিষ্ঠিত হয়?

--- 1830 খৃ., আলেকজান্ডার ডাফ (তখন নাম ছিল জেনারেল এসেঞ্চলিজ ইসাটিটিউশন)

41. বিশপ কলেজ কবে, কার উদ্যোগে প্রতিষ্ঠিত হয়?

--- 1819, কলকাতার প্রথম বিশপ মিডলটন।

42. সেন্ট জেভিয়ার্স কলেজ কবে প্রতিষ্ঠিত হয়?

--- 1835 খৃ:।

43. এংলো হিন্দু স্কুল কে, কবে প্রতিষ্ঠা করেন?

--- 1815 খৃ., রামমোহন রায়, কলকাতায়।

44. হিন্দু কলেজ, সংস্কৃত কলেজ কবে তৈরি হয়?

--- যথাক্রমে 1817 খৃ: ও 1824 খৃ:।

45. হিন্দু কলেজ প্রতিষ্ঠার সময় বড়লাট কে ছিলেন?

--- লর্ড হেস্টিংস।

46. হিন্দু কলেজ কবে প্রেসিডেন্সি কলেজ হয়?

--- 1855 খৃ:।

47. প্রেসিডেন্সি কলেজ কবে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়?

--- 2010 খৃ:।

48. পটলডাঙা একাডেমি কে, কবে প্রতিষ্ঠা করেন? বর্তমানে এটি কী নামে পরিচিত?

--- ডেভিড হেয়ার, 1818 খৃ:, হেয়ার স্কুল নামে পরিচিত।

49. বাংলায় নারী শিক্ষার সাথে যুক্ত কয়েকজন বিদেশিনীর নাম লেখ।

--- মেরি কার্পেন্টার, মিস কুক, মিস ব্রিটন।

50. ক্যালকাটা স্কুল বুক সোসাইটি কে, কবে কেন গড়ে তোলেন?

--- ডেভিড হেয়ার, 1817 খৃ:, বাংলা ও ইংরাজী ভাষায় পাঠ্য পুস্তক রচনার জন্য।

51. ক্যালকাটা স্কুল সোসাইটি কবে, কেন প্রতিষ্ঠিত হয়?

--- 1818 খৃ:, বিভিন্ন স্থানে ইংরাজী বিদ্যালয় স্থাপনের জন্য।

52. ইভানজেলিস্ট কাদের বলা হত?

--- ভারতে পাশ্চাত্য শিক্ষার পাশাপাশি যে কয়েকজন খ্রিষ্টান মিশনারি শিক্ষাবিদ হিসাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল তারা হলেন চার্লস গ্র্যান্ট, উইলবারফোর্স প্রমুখ। ভারতে পাশ্চাত্য শিক্ষার প্রসারের পাশাপাশি সমাজে প্রচলিত বিভিন্ন কুপ্রথা দূরীকরণের কথাও তারা প্রচার করেন। এদেরকেই ইভানজেলিস্ট বলা হয়।

53. ধর্মতলা একাডেমি কে প্রতিষ্ঠা করেন?

--- ডেভিড ড্রামগু (ডিরোজিও এখনকার ছাত্র ছিলেন)

54. ওরিয়েন্টাল সেমিনারী কে, কবে প্রতিষ্ঠা করেন?

--- গৌড় মোহন আচ্য (স্ত্রী শিক্ষা বিষয়ক গ্রন্থের লেখক),  
1828 খৃ:।

55. কলকাতা মেডিকেল কলেজ কবে, কার আমলে তৈরি হয়? এর প্রথম অধ্যক্ষ কে?

--- 1835 খৃ: 24 শে জানুয়ারী, উইলিয়াম বেটিংক। এর প্রথম অধ্যক্ষ ছিলেন মণ্টফোর্ড ব্রামলি।

56. এলফিনস্টন কলেজ কবে, কোথায় গড়ে ওঠে?

--- 1835 খৃ:, বোম্বাইতে।

57. কাউন্সিল অব এডুকেশন কবে গড়ে ওঠে?

--- 1842 খৃ:। (হার্ডিঞ্জের আমলে)

58. হার্ডিঞ্জের ঘোষণা টি কী ছিল? (কাউন্সিল অব এডুকেশনের ঘোষণা)

--- ১৮৪২ খ্রিঃ হার্ডিঞ্জ কাউন্সিল অব এডুকেশন প্রতিষ্ঠা করে ঘোষণা করেন যে, সরকারী চাকরিতে ইংরাজী ভাষা জ্ঞানকে অগ্রাধিকার দেওয়া হবে। এতে পাশ্চাত্য শিক্ষার পথ সুগম হয়।

59. উডের ডেসপ্যাচ কী?

--- বোর্ড অব কন্ট্রোল এর সভাপতি স্যার চার্লস উড 1854 খৃ: শিক্ষা বিষয়ক নির্দেশ নামা প্রকাশ করেন, এটি উডের নির্দেশনামা নামে পরিচিত। এতে পাশ্চাত্য ধাঁচের শিক্ষা কাঠামো গড়ে তোলার কথা বলল হয়। এর সুপারিশ গুলো হল - ক) একটি পৃথক শিক্ষা দফতর গঠন খ) কলকাতা, মাদ্রাজ, বোম্বাইতে একটি করে বিশ্ব বিদ্যালয় স্থাপন গ) শিক্ষক শিক্ষণ ব্যবস্থা চালু ঘ) উচ্চ শিক্ষায় ইংরাজী ভাষার গুরুত্ব বৃদ্ধি ঙ) স্ত্রী শিক্ষার প্রসার। (সেই সময় বড়লাট ছিলেন ডালহৌসী) এটিকে পাশ্চাত্য শিক্ষার ম্যাগনাকার্টা বলা হয়।

60. কলকাতা, মাদ্রাজ, বোম্বাই বিশ্ববিদ্যালয় ও লাহোর ও এলাহাবাদ বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?

--- প্রথম তিনটি 1857 খৃ:, পরের দুটি 1882 খৃ:।

61. ফিমেল জুভেনাইল সোসাইটি কবে, কাদের উদ্যোগে প্রতিষ্ঠিত হয়?

--- 1819 খৃ:, ব্যাপটিষ্ট মিশনারী।

62. ক্যালকাটা ফিমেল স্কুল কে, কবে প্রতিষ্ঠা করেন?

--- মিস কুক, 1828 খৃ:।

63. হিন্দু বালিকা বিদ্যালয় কবে, কার উদ্যোগে গড়ে ওঠে? এর বর্তমান নাম কী?

--- 1849 খৃ:, বেথুন ও বিদ্যাসাগর, বেথুন স্কুল।

64. স্ত্রী শিক্ষা বিধায়িনী সম্মিলনী কে, কেন প্রতিষ্ঠা করেন?

--- বিদ্যাসাগর, গ্রামাঞ্চলে স্ত্রী শিক্ষা বিস্তারের জন্য।

65. মেট্রোপলিটান ইন্সটিটিউশন কে, কবে, কোথায় প্রতিষ্ঠা করেন? এর বর্তমান নাম কী?

--- বিদ্যাসাগর, 1872 খৃ:, কলকাতায়, এর বর্তমান নাম বিদ্যাসাগর কলেজ।

66. বাংলার প্রথম মহিলা স্নাতক কারা? (1882-83 খৃ:) (ভারতের প্রথম মহিলা স্নাতক)

--- কাদম্বিনী গঙ্গোপাধ্যায় ও চন্দ্রমুখী বসু।

67. কলকাতা মেডিক্যাল কলেজের জন্য জমি দান কে করেন?

--- মতিলাল শীল।

68. কবে, কোন মুসলিম ছাত্র প্রথম ডাক্তারী পাস করেন কলকাতা মেডিক্যাল কলেজ থেকে?

--- 1856 খৃ: রহিম খান।

69. কলকাতা মেডিক্যাল কলেজে প্রথম শব ব্যবচ্ছেদ কে করেন?

--- মধুসূদন গুপ্ত (10 ই জানুয়ারী, 1836 খৃ:)। তাঁকে সহযোগিতা করেন কলেজের ছাত্র রাজকৃষ্ণ দে, উমাচরণ শেঠ, দ্বারকানাথ গুপ্ত, নবীনচন্দ্র মিত্র প্রমুখ। 1840 খৃ: তিনি ডাক্তারী পাস করেন।

70. মধুসূদন গুপ্ত স্বরনীয় কেন?

--- মধুসূদন গুপ্ত ছিলেন উনিশ শতকে একজন বিশিষ্ট ডাক্তার। তিনিই প্রথম কলকাতা মেডিক্যাল কলেজে শব ব্যবচ্ছেদ করেন ১৮৩৬ খ্রিঃ ১০ ই জানুয়ারী। তাঁকে সহযোগিতা করেন কলেজের ছাত্র রাজকৃষ্ণ দে, উমাচরণ শেঠ, দ্বারকানাথ গুপ্ত, নবীনচন্দ্র মিত্র প্রমুখ। ১৮৪০ খ্রিঃ তিনি ডাক্তারী পাস করেন। তাঁর শব ব্যবচ্ছেদ উপলক্ষ্যে ফোর্ট উইলিয়াম কলেজ থেকে তোপ ধ্বনির মাধ্যমে অনিভন্দন জানানো হয়। শব ব্যবচ্ছেদের কুসংস্কারকে দূরে সরিয়ে বিজ্ঞান মনস্কতাকে প্রাধান্য দেবার জন্যই তিনি বিখ্যাত।

71. কোন আইন অনুযায়ী কলকাতা, মাদ্রাজ ও বোম্বাই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়?

--- ভারতীয় বিশ্ববিদ্যালয় আইন, 1857 খৃ: (সেই সময় বড়লাট লর্ড ক্যানিং, কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয় 24 শে জানুয়ারী, 1924 খৃ:)।

72. কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম আচার্য ও উপাচার্য কে?

--- আচার্য লর্ড ক্যানিং, উপাচার্য স্যার জেমস উইলিয়াম কোলভিল (কোলভিল ছিলেন সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি) দ্বিতীয় উপাচার্য ছিলেন স্যার উইলিয়াম রিচি।

73. কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য কে?

--- স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়। (1890-92 খৃ:)

74. কোন উপাচার্যের সময় কলকাতা বিশ্ববিদ্যালয় চরম উৎকর্ষতা লাভ করে?

--- আশুতোষ মুখোপাধ্যায়। (1906-14, 1921-23 খৃ:)

75. এশিয়ার প্রথম ডি লিট কে?

--- বেনিমাধব বড়ুয়া।

76. কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম স্নাতক কারা?

--- যদুনাথ বসু, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

77. বেদান্ত কলেজ কে, কবে প্রতিষ্ঠা করেন?

--- রমমোহন রায়, 1826 খৃ:

78. হান্টার কমিশন কবে নিযুক্ত হয়? এর সুপারিশ গুলো কী ছিল? এই কমিশন কেন নিযুক্ত করা হয়?

--- 1882 খৃ:। এর সুপারিশ গুলো ছিল প্রাথমিক শিক্ষার উন্নতি, প্রতিটিই বিদ্যালয়ে পাঠাগার স্থাপন, মেধাবী ছাত্রদের বৃত্তিদান প্রভৃতি (এটি নিযুক্ত হয় বড়লাট রিপনের আমলে)। শিক্ষায় অগ্রগতি বিষয়ে সুপারিশ প্রদান ও প্রয়োজনীর পদক্ষেপের সুপারিশের জন্য এই কমিশন নিযুক্ত করা হয়।

79. শব্দকল্পদ্রুম কার লেখা?

--- রাজা রাধাকান্ত দেবের (৮ খন্ডে লেখা)

80. মাদ্রাজ মেডিক্যাল কলেজ কবে প্রতিষ্ঠিত হয়?

--- ২ রা ফেব্রুয়ারি, ১৮৩৫ খৃ:।

81. ভারতের প্রথম মহিলা ডাক্তার কে?

--- কাদম্বিনী গাঙ্গুলী।

82. ভারতীয় উপমহাদেশে প্রথম মহিলা কলেজ কোনটি?

--- বেথুন কলেজ।

83. মেয়েদের মধ্যে প্রথম এম. এ. পাশ কে করেন?  
--- চন্দ্রমুখী বসু।

84. কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ডক্টরেট ডিগ্রি কে লাভ করেন?  
--- রসিকলাল দত্ত।

85. ভারতীয় বিশ্ববিদ্যালয় আইনে (১৯০৪ খ্রিঃ) কী বলা হয়?  
--- ভারতীয় বিশ্ববিদ্যালয় গুলোর অবস্থা ও সম্ভাবনা অনুসন্ধানের উদ্দেশ্যে গঠিত এই কমিশনের সুপারিশের ভিত্তিতে ১৯০৪ খ্রিঃ বিশ্ববিদ্যালয় আইন রচিত হয়। এতে বলা হয় -

বিশ্ববিদ্যালয় গুলোর সিনেটে সরকার মনোনীত সদস্য সংখ্যা বাড়ানো হবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থার উন্নতিতে শিক্ষক নিয়োগের ব্যবস্থা হবে। কলেজ পরিদর্শনের ব্যবস্থা হবে।

86. স্যাডলার কমিশন (১৯১৭ খ্রিঃ) (কলকাতা বিশ্ববিদ্যালয় কমিশন) কবে গঠিত হয়? এর সুপারিশ কী ছিল?  
--- (১) স্নাতক স্তরের শিক্ষার সময়সীমা হবে ৩ বছর (২) বিদ্যালয় শিক্ষা ও বিশ্ববিদ্যালয় শিক্ষার সময়ের মাঝে দু বছরের জন্য ইন্টার মিডিয়েট শিক্ষার সুপারিশ করে। (গ) স্বশাসিত শিক্ষা প্রতিষ্ঠান গুলোকে উৎসাহ প্রদানের কথা বলা হয়।

## ২.৩: উনিশ শতকের বাংলায় সমাজ সংস্কার

87. ব্রাহ্ম সভা কে, কবে প্রতিষ্ঠা করেন?  
--- রামমোহন রায়, ১৮২৮ খৃ: (১৮৩০ খৃ: এর নতুন নামকরণ হয় ব্রাহ্ম সমাজ)

88. তত্ত্ব বোধিনী সভা কে, কবে প্রতিষ্ঠা করেন?  
--- দেবেন্দ্র নাথ ঠাকুর, ১৮৩৯ খৃ:।

89. তত্ত্ব বোধিনী পত্রিকা কবে প্রকাশিত হয়? এর প্রথম সম্পাদক কে ছিলেন?  
--- ১৮৪৩ খৃ:, অক্ষয় কুমার দত্ত।

90. আদি ব্রাহ্ম সমাজ কে প্রতিষ্ঠা করেন? (১৮৬৬ খৃ:)  
--- দেবেন্দ্র নাথ ঠাকুর।

91. ব্রাহ্ম সভার সমাজ সংস্কারের উদ্যোগ কেমন ছিল?  
--- ব্রাহ্ম সভার সমাজ সংস্কারের উদ্যোগ ছিল যথেষ্ট। বিভিন্ন সামাজিক কুসংস্কার ও তরুটি বিচ্যুতির বিরুদ্ধে ব্রাহ্ম সমাজ সরব ছিল। বাল্যবিবাহ, বহুবিবাহ, জাতিভেদ প্রথার বিরোধিতা, অসবর্ণ বিবাহ, বিধবা বিবাহ, নারী শিক্ষা, নারী স্বাধীনতা, শ্রমিক কল্যাণ প্রভৃতির সপক্ষে ব্রাহ্ম সমাজ আন্দোলন গড়ে তলে। একেশ্বরবাদের প্রচার ও পৌত্তলিকতার বিরোধিতা ব্রাহ্মদের মূল আদর্শ বলে ঘোষিত হয়। শিক্ষার প্রসারেও ব্রাহ্ম সভার ভূমিকা ছিল।

92. সহমরণ বা সতীপ্রথা কী?  
--- ভারতীয় হিন্দু সমাজের এক নিষ্পূর্ণ প্রথা ছিল সহমরণ বা সতীপ্রথা। এই প্রথা অনুসারে স্বামীর মৃত্যুর পর তার বিধবা স্ত্রীকে স্বামীর চিতায় জীবন্ত পুড়িয়ে মারা হত। উচ্চ বর্ণের হিন্দু সমাজে এই প্রথা বেশি মাত্রায় ছিল। রামমোহন রায় এই প্রথার বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলেন এবং লর্ড উইলিয়াম বেন্টিন্গের আমলে ১৮২৯ খৃ: ৪ ঠা ডিসেম্বর এই প্রথা আইন করে উচ্ছেদ করা হয় (Regulation 17)

93. রামমোহন রায় কিভাবে সতীদাহ প্রথার বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলেন?  
--- রামমোহন রায় ১) মনুসংহিতা সহ বিভিন্ন হিন্দু শাস্ত্র ও ধর্মগ্রন্থ থেকে উদ্ধৃতি নিয়ে প্রমাণের চেষ্টা করেন যে সতীদাহ প্রথা হিন্দু শাস্ত্র বিরোধী ২) তিনি সংবাদ কৌমুদী পত্রিকায় সতীদাহ প্রথার বিরুদ্ধে নিয়মিত প্রবন্ধ লেখেন ৩) তিনি সতীদাহ প্রথার বন্ধের জন্য বাংলার বিশিষ্ট নাগরিকদের স্বাক্ষর সম্বলিত একটি আবেদন পত্র বেন্টিন্গের কাছে জমা দেন।

94. নব্যবঙ্গ গোষ্ঠী কে গড়ে তোলেন?  
--- ডিরোজিও

95. একাডেমিক এসোসিয়েশন কে, কবে গড়ে তোলেন?  
--- ডিরোজিও, ১৮২৭ খৃ:।

96. নব্যবঙ্গ দলের মুখপত্র কী ছিল?  
--- এথেনিয়াম, পার্থেনন।

97. এনকয়ারার পত্রিকাটি কারা প্রকাশ করতো?  
--- নব্যবঙ্গীয় রা বা ডিরোজিয়ান রা।

98. কয়েকজন নব্য বঙ্গীয়ের নাম লেখ।  
--- রমগোপাল ঘোষ, রামতনু লাহিড়ী, প্যারিচন্দ্র মিত্র, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, রসিক কৃষ্ণ মল্লিক, রাধানাথ শিকদার, কৃষ্ণমোহন বন্দোপাধ্যায়।

99. 'ফকির অব জাউঘরা' কাব্যগ্রন্থটি কে রচনা করেন?  
--- ডিরোজিও।

100. ভারতের প্রথম ছাত্র সংগঠন কোনটি?  
--- একাডেমিক এসোসিয়েশন (১৮২৮ খৃ:)

101. সাধারণ জ্ঞানোপার্জিকা সভা কী?  
--- ডিরোজিওর অনুগামী নব্যবঙ্গ গোষ্ঠীর সদস্যরা ১৮৩৮ খ্রিঃ সাধারণ জ্ঞানোপার্জিকা সভা নামে একটি সংগঠন স্থাপন করে খ্রিষ্টান পাদ্রীদের গোঁড়ামি, দাসপ্রথা, নারী নির্যাতন প্রভৃতির মতো গুরুত্বপূর্ণ কিছু ঘটনার প্রতিবাদ জানান।

102. বিধবা বিবাহ কবে আইনসিদ্ধ হয়?  
--- ১৮৫৬ খৃ: ১৬ ই জুলাই (রেগুলেশন ১৫) (এই সময় বড়লাট ছিলেন ক্যালিং)

103. কলকাতায় প্রথম বিধবা বিবাহ কোনটি? (১৮৫৬ খৃ: ৭ ই ডিসেম্বর)  
--- শ্রীশচন্দ্র বিদ্যারত্ন ও কালিমতির বিবাহ।

104. ঈশ্বরচন্দ্র কবে নিজ পুত্রের বিবাহ দেন?  
--- ১৮৭০ খৃ: নারায়ণ চন্দ্রের সাথে ভবসুন্দরী নামে জনৈক মহিলা।

105. হাজী মহম্মদ মহসিন কে ছিলেন?  
--- হাজী মহম্মদ মহসিন ছিলেন একজন শিক্ষাব্রতী সমাজ সেবক ও দানবীর। উনিশ শতকে বাংলার মুসলিম সমাজে শিক্ষার প্রসার, জনকল্যাণ প্রভৃতি ক্ষেত্রে তাঁর অসামান্য অবদান আছে। তাঁর দানের অর্থে হুগলী মহসিন কলেজ, হুগলী ইমামবারা, হুগলী ইমামবারা হাসপাতাল, হুগলী কলিজিয়েট স্কুল, হুগলী মাদ্রাসা, হুগলী ব্রাঞ্চ স্কুল প্রভৃতি প্রতিষ্ঠিত হয়।

## ২.৪ উনিশ শতকের বাংলা : ধর্ম সংস্কার

106. আত্মীয় সভা কে প্রতিষ্ঠা করেন?  
--- রামমোহন রায়।
107. কে, কাকে ব্রাহ্মানন্দ উপাধি দেন?  
--- দেবেন্দ্রনাথ ঠাকুর কেশবচন্দ্র সেন কে।
108. আদি ব্রাহ্ম সমাজ কবে, কার নেতৃত্বে গড়ে ওঠে?  
--- ১৮৬৬ খৃ:, দেবেন্দ্রনাথ ঠাকুর।
109. ভারতবর্ষীয় ব্রাহ্ম সমাজ কবে, কার নেতৃত্বে গড়ে ওঠে?  
--- ১৮৬৬ খৃ: কেশব চন্দ্র সেন।
110. ব্রাহ্ম সমাজের প্রথম ভাঙন কবে দেখা যায়?  
--- ১৮৬৬ খৃ:, আদি ব্রাহ্মসমাজ ও ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ।
111. সাধারণ ব্রাহ্মসমাজ কবে কাদের নেতৃত্বে গড়ে ওঠে?  
--- ১৮৭৮ খৃ:, শিবনাথ শাস্ত্রী, আনন্দমোহন বসু।
112. নববিধান ব্রাহ্ম সমাজ কবে, কার নেতৃত্বে গড়ে ওঠে?  
--- ১৮৮০ খৃ:, কেশব চন্দ্র সেন।
113. ব্রাহ্ম সমাজের দ্বিতীয় ভাঙন কবে দেখা যায়?  
--- ১৮৭৮ খৃ:।
114. তিন আইন কী?  
--- কেশব চন্দ্র সেনের প্রভাবে ১৮৭২ খৃ: ব্রিটিশ সরকার তিন আইন পাস করে। এই আইন দ্বারা বাল্য বিবাহ, বহু বিবাহ নিষিদ্ধ হয় ও অসবর্ণ বিবাহকে স্বীকৃতি দেওয়া হয়।
115. কোন পত্রিকা ব্রাহ্ম সমাজের মুখপত্র হিসাবে পরিচিত ছিল?  
--- তত্ত্ববোধিনী পত্রিকা।
116. ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ বিভক্ত হয়েছিল কেন?  
--- ভারতীয় ব্রাহ্ম সমাজের প্রধান নেতা কেশব চন্দ্র সেনের ইংরেজ প্রীতি, অবতারবাদে বিশ্বাস, নারী স্বাধীনতার প্রশ্নে দ্বিধা, ভারতীয় ব্রাহ্ম সমাজের নিয়ম ভেঙে নিজের ১৪ বছরের নাবালিকা কন্যার কোচবিহারের মহারাজার সাথে বিবাহদান প্রভৃতি কারণে আনন্দমোহন বসু, শিবনাথ শাস্ত্রী বিজয়কৃষ্ণ গোস্বামী প্রমুখ কেশবচন্দ্রের সঙ্গ ত্যাগ করেন ও সাধারণ ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠা করেন।

117. কেশবচন্দ্র সেন সম্পাদিত পত্রিকাটির নাম কী?  
--- ইন্ডিয়ান মিরর। (এ ছাড়াও সুলভ সমাচার নামে একটি পত্রিকা তাঁর উদ্যোগে প্রকাশিত হয় ১৮৭০ সালে)
118. 'যত মত তত পথ' - এই বাণী কার?  
--- শ্রীরামকৃষ্ণ দেব।
119. রামকৃষ্ণ মিশন কে, কবে প্রতিষ্ঠা করেন?  
--- ১৮৯৭ খৃ:, স্বামী বিবেকানন্দ।
120. শিকাগো ধর্ম সম্মেলন কবে হয়?  
--- ১৮৯৩ খৃ: ১১ ই সেপ্টেম্বর।
121. শ্রীরামকৃষ্ণ মঠ কে, কবে, কোথায় প্রতিষ্ঠা করেন?  
--- স্বামী বিবেকানন্দ, ১৮৯৮ খৃ: ৯ ই ডেসেম্বর, বেলুড়ে।
122. নব্য বেদান্তবাদ কী?  
--- স্বামী বিবেকানন্দ প্রাচীন অদ্বৈত বেদান্ত দর্শনের নিজস্ব ব্যাখ্যা দেন যা নব্য বেদান্ত নামে পরিচিত। এই ব্যাখ্যায় তিনি বলেন যে, সর্বত্র ব্রহ্মের উপস্থিতি রয়েছে। আপামর মানুষের সেবা করাই হল ব্রহ্মের সেবা করা।
123. নব্যবৈষ্ণব আন্দোলনের সূচনা কে করেন?  
--- বিজয় কৃষ্ণ গোস্বামী।
124. শ্রীরামকৃষ্ণের সর্ব ধর্ম সমন্বয়ের মূল কথা কী?  
--- শ্রীরামকৃষ্ণের সর্ব ধর্ম সমন্বয়ের মূল কথা হল সব ধর্মই সত্য। যত মত তত পথ এর আদর্শ প্রচার করে তিনি বলেন যে, সাধনার সব পথই সত্য ও সঠিক। হিন্দু মুসলমান, খ্রিস্টান, সক, বৈষ্ণব সব পথের ঈশ্বর লাভ সম্ভব।
125. লালন ফকির কে ছিলেন?  
--- লালন ফকির ছিলেন উনিশ শতকের বাংলার একজন আধ্যাত্মিক বাউল সাধক। তিনি নিজ সাধন বলে হিন্দু ও মুসলিম ধর্মশাস্ত্র সম্পর্কে জ্ঞান লাভ করেন এবং মানবজীবনের আধ্যাত্মিক রহস্য নিয়ে প্রায় ২ হাজার বাউল গান রচনা করেন। তিনি সর্মধর্ম সমন্বয়ের অন্যতম পথিকৃত ছিলেন।
126. স্বামী বিবেকানন্দের লেখা দুটি গ্রন্থের নাম লেখ।  
--- বর্তমান ভারত, পরিব্রাজক।
127. 'স্ত্রী শিক্ষা না হলে আমাদের পশুজন্ম ঘুচবে না' - এ উক্তি কার?  
--- স্বামী বিবেকানন্দ।